DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 󰀀 তৈরি: 16 Aug 2026, 12:32 AM

সারাদেশ

# কুষ্টিয়ায় তালিমুল কোরআন মাহফিলে হামলা ও নারীদের লাঞ্ছিতের অভিযোগ

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১১ আগস্ট ২০২৬, ০৫:২১ PM




ছবি ভিডিও থেকে

কুষ্টিয়ার মিরপুরে একটি তালিমুল কোরআন মাহফিলে হামলা, নারীদের লাঞ্ছিত ও অশালীন আচরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয় বিএনপি নেতা রাজ্জাক মাস্টারসহ কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে মিরপুর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন বহলবাড়িয়া ইউনিয়ন জামায়াতের মহিলা বিভাগের সভানেত্রী। এ সময় সংগঠনটির বহলবাড়িয়া ইউনিয়ন শাখার মহিলা বিভাগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি বলেন, জামায়াতে ইসলামী কেন্দ্র ঘোষিত মাসব্যাপী মহিলাদের গণসংযোগ ও দাওয়াতি কর্মসূচির অংশ হিসেবে সোমবার (১০ আগস্ট) বিকেলে বহলবাড়িয়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের খাঁড়ারা নতুনপাড়া গ্রামে মো. সোহেলের বাড়িতে

তালিমুল কোরআন মাহফিলের আয়োজন করা হয়।

লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়, মাহফিলের শেষের দিকে স্থানীয় বিএনপি নেতা রাজ্জাক মাস্টারের নেতৃত্বে মো. এলেম, মোহাম্মদ ফারুক, রুবেলসহ আরও ৪-৫ জন ব্যক্তি বাড়ির প্রাচীর টপকে মাহফিলে প্রবেশ করেন। এ সময় তারা সেখানে উপস্থিত নারীদের সঙ্গে অশালীন আচরণ ও শারীরিকভাবে লাঞ্ছিত করেন বলে অভিযোগ করা হয়।

জামায়াত নেত্রীর দাবি, রাজ্জাক মাস্টার সেখানে উপস্থিত নারীদের উদ্দেশে অশালীন ভাষায় গালিগালাজ করেন এবং তার নির্দেশে অন্যরা কয়েকজন নারীর চুল ধরে টানাটানি ও পোশাক-বোরখা টেনে লাঞ্ছিত করেন।

সংবাদ সম্মেলনে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানানো হয়। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা এবং ভবিষ্যতে ধর্মীয় কর্মসূচিতে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসনের কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-talimul-koran-mahfile-hamla-o-narider-lanchhiter-obhijpg